## মূল বইয়ের অতিরিক্ত অংশ

# দ্বাদশ অধ্যায়: পারিবারিক ও আত্মকর্মসংস্থানমূলক উদ্যোগের হিসাব

## পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন ▶১** ১ জানুয়ারি ২০১৯ তারিখে ইঞ্জিনিয়ার মাহাদী হাসানের পরিবারের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:
মোটর সাইকেল ৬০,০০০ টাকা; আসবাবপত্র ৫০,০০০ টাকা; সরঞ্জাম ১,০০,০০০ টাকা; ব্যাংক ঋণ ১,০০,০০০ টাকা ও হাতে নগদ ২৪,৪০০ টাকা। উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদানসমূহ ছিল নিম্নরূপ:

**প্রাপ্তি ও প্রদান হিসাব**
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (০১.০১.১৯) | ২৪,৪০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ১,২০,০০০ |
| বেতন | ২,৫০,০০০ | দৈনন্দিন বাজার | ৬৫,০০০ |
| পার্ট টাইম কাজের সম্মানী | ৭০,০০০ | কাপড়-চোপড় ক্রয় | ২০,০০০ |
| বিবিধ প্রাপ্তি | ১০,০০০ | গহনা ক্রয় | ৪০,০০০ |
| | | ঋণ পরিশোধ | ২৫,০০০ |
| | | শিক্ষা ও চিকিৎসার ব্যয় | ৩০,০০০ |
| | | গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ৩৬,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১.১২.১৯) | ১৮,৪০০ |
| | ৩,৫৪,৪০০ | | ৩,৫৪,৪০০ |

**অন্যান্য তথ্য:** i. ডিসেম্বর মাসের গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল ৪,০০০ টাকা বকেয়া রয়েছে। ii. একটি প্রতিষ্ঠানের নিকট পার্টটাইম কাজের জন্য ২০,০০০ টাকা পাওনা আদায় হয়নি।

ক. ইঞ্জিনিয়ার মাহাদী হাসানের পারিবারিক তহবিলের পমিাণ নির্ণয় করো। ২
খ. ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে সমাপ্ত বছরের তাঁর পারিবারিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. ইঞ্জিনিয়ার মাহাদী হাসানের পারিবারিক আর্থিক অবস্থা নিরূপণ করো।

### ১ নং প্রশ্নের সমাধান

**ক** ইঞ্জিনিয়ার মাহাদী হাসানের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় :

পারিবারিক তহবিল = প্রারম্ভিক সম্পদ - প্রারম্ভিক দায়
= {(মোটর সাইকেল + আসবাবপত্র + সরঞ্জাম + হাতে নগদ) - ব্যাংক ঋণ}
= {(৬০,০০০ + ৫০,০০০ + ১,০০,০০০ + ২৪,৪০০) - ১,০০,০০০}
= (২,৩৪,৪০০ - ১,০০,০০০) = ১,৩৪,৪০০ টাকা।

**উত্তর :** পারিবারিক তহবিল ১,৩৪,৪০০ টাকা।

**খ**

**ইঞ্জিনিয়ার মাহাদী হাসান-এর**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ :** | | | |
| বেতন | | ২,৫০,০০০ | |
| পার্টটাইম কাজের সম্মানী | ৭০,০০০ | | |
| যোগ : অনাদায়ী | ২০,০০০ | ৯০,০০০ | |
| বিবিধ প্রাপ্তি | | ১০,০০০ | |
| **মোট আয়** | | | ৩,৫০,০০০ |
| **বাদ : ব্যয়সমূহ :** | | | |
| খাদ্যসামগ্রী ক্রয় | | ১,২০,০০০ | |
| দৈনন্দিন বাজার | | ৬৫,০০০ | |
| কাপড়-চোপড় ক্রয় | | ২০,০০০ | |
| শিক্ষা ও চিকিৎসার ব্যয় | | ৩০,০০০ | |
| গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ৩৬,০০০ | | |
| যোগ : বকেয়া | ৪,০০০ | ৪০,০০০ | |
| **মোট খরচ** | | | ২,৭৫,০০০ |
| **আয়ের উদ্বৃত্ত** | | | ৭৫,০০০ |

**উত্তর :** আয়ের উদ্বৃত্ত ৭৫,০০০ টাকা।

গ

**ইঞ্জিনিয়ার মাহাদী হাসান-এর**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর, ২০১৯

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ** | | | |
| মোটর সাইকেল | | ৬০,০০০ | |
| আসবাবপত্র | | ৫০,০০০ | |
| সরঞ্জাম | | ১,০০,০০০ | |
| হাতে নগদ (সমাপনী) | | ১৮,৪০০ | |
| গহনা ক্রয় | | ৪০,০০০ | |
| অনাদায়ী পার্টটাইম কাজের সম্মানী | | ২০,০০০ | |
| **মোট সম্পদ** | | | ২,৮৮,৪০০ |
| **দায় ও পারিবারিক তহবিল:** | | | |
| ব্যাংক ঋণ | ১,০০,০০০ | | |
| বাদ : ঋণ পরিশোধ | ২৫,০০০ | ৭৫,০০০ | |
| বকেয়া গ্যাস, পানি ও বিদ্যুৎ | | ৪,০০০ | |
| পারিবারিক তহবিল | ১,৩৪,৪০০ | | |
| যোগ : আয়ের উদ্বৃত্ত | ৭৫,০০০ | ২,০৯,৪০০ | |
| **মোট দায় ও পারিবারিক তহবিল** | | | ২,৮৮,৪০০ |

**উত্তর :** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৮৮,৪০০ টাকা।

প্রশ্ন ▶২ জনাব আকাশের ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ:

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১-১-১৯) | ৩০,০০০ | শেয়ারে বিনিয়োগ | ১,৫০,০০০ |
| ব্যাংক জমা (১-১-১৯) | ২০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৩০,০০০ |
| বেতন থেকে আয় | ৩,০০,০০০ | ড্রাইভারের বেতন | ৪৮,০০০ |
| বাড়ি ভাড়া থেকে প্রাপ্তি | ৫০,০০০ | গাড়ি মেরামত | ১০,০০০ |
| | | টিউশন ফিস | ৪০,০০০ |
| | | চিকিৎসা খরচ | ১০,০০০ |
| | | কম্পিউটার ক্রয় | ৩০,০০০ |
| | | ফার্নিচার ক্রয় | ২০,০০০ |
| | | হাতে নগদ (৩১/১২/১৯) | ৬২,০০০ |
| | ৪,০০,০০০ | | ৪,০০,০০০ |

১/১/২০১৯ তারিখে সম্পদ ও দায়ের উদ্বৃত্ত ছিল নিম্নরূপ:
আসবাবপত্র ২৫,০০০ টাকা; যন্ত্রপাতি ১০,০০০ টাকা; পাওনাদার ১২,০০০ টাকা।
৩১/১২/১৯ তারিখে অন্যান্য তথ্যাদি:i. চলতি বছরের অনাদায়ী বেতন ১০,০০০ টাকা। ii. প্রাপ্ত বাড়ি ভাড়ার ২,৫০০ টাকা পূর্ববর্তী বছরের অনাদায়ী ও চলতি সালের ৩,০০০ টাকা এখনও অনাদায়ী রয়েছে। iii. ড্রাইভারের বেতন বকেয়া ২,৫০০ টাকা।

ক. জনাব আকাশের চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব আকাশের সমাপ্ত বছরের আয় উদ্বৃত্ত নির্ণয় করো। ৪
গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**২ নং প্রশ্নের সমাধান**

ক জনাব আকাশের চলতি দায়ের পরিমাণ নির্ণয়:

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| পাওনাদার | ১২,০০০ | |
| ড্রাইভারের বকেয়া বেতন | ২,৫০০ | |
| **মোট চলতি দায়** | | ১৪,৫০০ |

**উত্তর:**মোট চলতি দায় ১৪,৫০০ টাকা।

খ

**জনাব আকাশ**
**আয়-ব্যয় বিবরণী**
২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ:** | | | |
| বেতন থেকে আয় | ৩,০০,০০০ | | |
| যোগ: অনাদায়ী | ১০,০০০ | ৩,১০,০০০ | |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বাড়ি ভাড়া থেকে প্রাপ্তি | ৫০,০০০ | | |
| যোগ: চলতি বছরের অনাদায়ী | ৩,০০০ | | |
| | ৫৩,০০০ | | |
| বাদ: বিগত বছরের অনাদায়ী | (২,৫০০) | ৫০,৫০০ | |
| **মোট আয়** | | | ৩,৬০,৫০০ |
| **বাদ: খরচসমূহ:** | | | |
| খাদ্যসামগ্রী ক্রয় | | ৩০,০০০ | |
| ড্রাইভারের বেতন | ৪৮,০০০ | | |
| যোগ: বকেয়া | ২,৫০০ | ৫০,৫০০ | |
| গাড়ি মেরামত | | ১০,০০০ | |
| টিউশন ফিস | | ৪০,০০০ | |
| চিকিৎসা খরচ | | ১০,০০০ | |
| **মোট খরচ** | | | (১,৪০,৫০০) |
| **আয় উদ্বৃত্ত** | | | ২,২০,০০০ |

**উত্তর:**আয় উদ্বৃত্ত ২,২০,০০০ টাকা।

গ

**জনাব আকাশ**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩১ ডিসেম্বর ২০১৯

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **সম্পদসমূহ:** | | | |
| কম্পিউটার | | ৩০,০০০ | |
| শেয়ারে বিনিয়োগ | | ১,৫০,০০০ | |
| আসবাবপত্র | ২৫,০০০ | | |
| যোগ: ফার্নিচার ক্রয় | ২০,০০০ | ৪৫,০০০ | |
| যন্ত্রপাতি | | ১০,০০০ | |
| অনাদায়ী বেতন | | ১০,০০০ | |
| অনাদায়ী বাড়ি ভাড়া | | ৩,০০০ | |
| হাতে নগদ | | ৬২,০০০ | |
| **মোট সম্পদ** | | | ৩,১০,০০০ |
| **দায় ও পারিবারিক তহবিল:** | | | |
| পাওনাদার | | ১২,০০০ | |
| ড্রাইভারের বকেয়া বেতন | | ২,৫০০ | |
| পারিবারিক তহবিল (গণনা-১) | ৭৫,৫০০ | | |
| যোগ: আয় উদ্বৃত্ত | ২,২০,০০০ | ২,৯৫,৫০০ | |
| **মোট দায় ও পারিবারিক তহবিল** | | | ৩,১০,০০০ |

**উত্তর:** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,১০,০০০ টাকা।

**গণনা-১:** পারিবারিক তহবিল = প্রারম্ভিক মোট সম্পদ – প্রারম্ভিক মোট দায়
= {(হাতে নগদ + ব্যাংক জমা + আসবাবপত্র + যন্ত্রপাতি + অনাদায়ী বাড়িভাড়া) - পাওনাদার}
= {(৩০,০০০ + ২০,০০০ + ২৫,০০০ + ১০,০০০ + ২,৫০০) - ১২,০০০} টাকা
= (৮৭,৫০০ - ১২,০০০) = ৭৫,৫০০ টাকা।

**প্রশ্ন ▶৩** জনাব শিহাব একজন শিক্ষক । তিনি প্রতি মাসে ১০,০০০ টাকা বেতন পান। তিনি অন্য একটি কলেজে পার্টটাইম লেকচারার হিসাবে মাসে ২,৫০০ টাকা সম্মানি পান। এছাড়াও তিনি পরীক্ষার খাতা দেখে বছরে মোট ১৫,০০০ টাকা পান। বিনিয়োগের সুদ বাবদ তিনি ১০,০০০ টাকা পান। ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত বছরে তার পরিবারের খরচগুলো নিম্নে প্রদত্ত হলো:

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| বাড়িভাড়া | ৩৬,০০০ | চিকিৎসা ব্যয় | ৩,৩০০ |
| খাদ্যশস্য ক্রয় | ৩০,০০০ | গহনা ক্রয় | ৫,৫০০ |
| দৈনন্দিন বাজার | ১৮,০০০ | যাতায়াত খরচ | ৪,৫০০ |
| আসবাবপত্র ক্রয় | ৭,০০০ | ডিপোজিট পেনশন স্কীমে জমা | ২০,০০০ |
| বস্ত্র ক্রয় | ৫,৮০০ | প্রভিডেন্ট ফান্ডে জমা | ১২,০০০ |
| মুদি ও মনিহারি | ১১,০০০ | | |

**অন্যান্য তথ্য:** i. চলতি বছরের বেতন বকেয়া ৫,০০০ টাকা। ii. প্রাপ্ত সুদের ১,৫০০ টাকা পূর্ববর্তী বছরের এবং চলতি বছরের বকেয়া ২,২০০ টাকা। iii. মুদি ও মনিহারি বকেয়া ২,০০০ টাকা।

ক. জনাব শিহাবের বার্ষিক আয় কত? ২
খ. জনাব শিহাবের সমাপনী হাতে নগদের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখের জনাব শিহাবের উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করো। ৪

**৩ নং প্রশ্নের সমাধান**

ক জনাব শিহাবের বার্ষিক আয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বেতন (১০,০০০ × ১২) | ১,২০,০০০ | |
| সম্মানী (২,৫০০ × ১২) | ৩০,০০০ | |
| পরীক্ষার খাতা দেখে প্রাপ্তি | ১৫,০০০ | |
| বিনিয়োগের সুদ আয় | ১০,০০০ | |
| **মোট বার্ষিক আয়** | | ১,৭৫,০০০ |

**উত্তর :** বাৎসরিক মোট আয় ১,৭৫,০০০ টাকা।

খ

**জনাব শিহাব**
**প্রাপ্তি-প্রদান হিসাব**
৩১ ডিসেম্বর তারিখে ২০১৮ সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন (১,২০,০০০ – ৫,০০০) | ১,১৫,০০০ | বাড়িভাড়া | ৩৬,০০০ |
| সম্মানী ভাতা | ৩০,০০০ | খাদ্যশস্য ক্রয় | ৩০,০০০ |
| পরীক্ষার খাতা দেখে প্রাপ্তি | ১৫,০০০ | দৈনন্দিন বাজার | ১৮,০০০ |
| বিনিয়োগের সুদ (১০,০০০ + ১,৫০০ – ২,২০০) | ৯,৩০০ | আসবাবপত্র ক্রয় | ৭,০০০ |
| | | বস্ত্র ক্রয় | ৫,৮০০ |
| | | মুদি ও মনিহারি (১১,০০০ – ২,০০০) | ৯,০০০ |
| | | চিকিৎসা ব্যয় | ৩,৩০০ |
| | | গহনা ক্রয় | ৫,৫০০ |
| | | যাতায়াত খরচ | ৪,৫০০ |
| | | ডিপোজিট পেনশন স্কীমে জমা | ২০,০০০ |
| | | প্রভিডেন্ট ফান্ডে জমা | ১২,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১-১২-২০১৮) | ১৮,২০০ |
| | ১,৬৯,৩০০ | | ১,৬৯,৩০০ |

**উত্তর :** সমাপনী হাতে নগদ ১৮,২০০ টাকা।

গ

**জনাব শিহাব**
**আয়-ব্যয় বিবরণী**
৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ :** | | | |
| বেতন প্রাপ্তি | ১,১৫,০০০ | | |
| যোগ : বকেয়া | ৫,০০০ | ১,২০,০০০ | |
| সম্মানি প্রাপ্তি | | ৩০,০০০ | |
| পরীক্ষার খাতা দেখে প্রাপ্তি | | ১৫,০০০ | |
| বিনিয়োগের সুদ | ৯,৩০০ | | |
| বাদ : বিগত বছরের বকেয়া | (১,৫০০) | | |
| | ৭,৮০০ | | |
| যোগ : চলতি বছরের বকেয়া | ২,২০০ | ১০,০০০ | |
| **মোট আয়** | | | ১,৭৫,০০০ |
| **ব্যয়সমূহ :** | | | |
| বাড়িভাড়া | | ৩৬,০০০ | |
| খাদ্যশস্য ক্রয় | | ৩০,০০০ | |
| দৈনন্দিন বাজার | | ১৮,০০০ | |
| বস্ত্র ক্রয় | | ৫,৮০০ | |

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মুদি ও মনিহারি | ৯,০০০ | | |
| যোগ : বকেয়া | ২,০০০ | ১১,০০০ | |
| চিকিৎসা ব্যয় | | ৩,৩০০ | |
| যাতায়াতের খরচ | | ৪,৫০০ | |
| **মোট ব্যয়** | | | (১,০৮,৬০০) |
| **আয়ের উদ্বৃত্ত** | | | ৬৬,৪০০ |

**উত্তর :** আয়ের উদ্বৃত্ত ৬৬,৪০০ টাকা।

**প্রশ্ন ▶৪** জনাব হযরত আলী ১৭,৫০০ টাকা মাসিক বেতনে একটি অফিসে চাকরি করেন। এছাড়া তিনি একটি কলেজে পার্ট টাইম লেকচার দিয়ে মাসে ৭,৫০০ টাকা সম্মানি পান। ২০১৮ সালের ১ জানুয়ারি তারিখে তার পরিবারের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ :

| বিবরণ | টাকা |
|---|---|
| হাতে নগদ | ৩০,০০০ |
| বাড়িঘর | ৪,০০,০০০ |
| ব্যাংক স্থায়ী আমানত | ৬০,০০০ |
| ৬% বন্ধকি ঋণ | ৮০,০০০ |
| আসবাবপত্র | ৫০,০০০ |
| গহনা পত্র | ১,০০,০০০ |
| পাওনাদার | ৩০,০০০ |

উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| খাদ্যসামগ্রী ক্রয় | ৩০,০০০ |
| দৈনন্দিন বাজার খরচ | ৫৫,০০০ |
| শিক্ষা ও চিকিৎসা খরচ | ১৮,০০০ |
| কাপড় ক্রয় | ৩২,০০০ |
| কম্পিউটার ক্রয় | ২৮,০০০ |
| গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ২৬,০০০ |
| গহনা ক্রয় | ১৮,০০০ |
| খবরের কাগজ বিল | ১,৫০০ |
| বছর শেষে গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে | ২,৫০০ |

ক. নিয়মিত আয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. বছর শেষে নগদ উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে পারিবারিক আয়ের উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করো। ৪

**৪ নং প্রশ্নের সমাধান**

**ক** নিয়মিত আয়ের পরিমাণ নিরূপণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| বেতন (১৭,৫০০ × ১২) | ২,১০,০০০ | |
| পার্টটাইম লেকচার হতে আয় (৭,৫০০ × ১২) | ৯০,০০০ | |
| **মোট নিয়মিত আয়** | | ৩,০০,০০০ |

**উত্তর :** নিয়মিত আয়ের পরিমাণ ৩,০০,০০০ টাকা।

**খ**

**জনাব হযরত আলী**
**প্রাপ্তি ও প্রদান হিসাব**
৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক হাতে নগদ | ৩০,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ৩০,০০০ |
| বেতন প্রাপ্তি (১৭,৫০০ × ১২) | ২,১০,০০০ | দৈনন্দিন বাজার খরচ | ৫৫,০০০ |
| পার্টটাইম লেকচার হতে আয় (৭,৫০০ × ১২) | ৯০,০০০ | শিক্ষা ও চিকিৎসা খরচ | ১৮,০০০ |
| | | কাপড় ক্রয় | ৩২,০০০ |
| | | কম্পিউটার ক্রয় | ২৮,০০০ |
| | | গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ২৬,০০০ |
| | | গহনা ক্রয় | ১৮,০০০ |

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| | | খবরের কাগজ বিল | ১,৫০০ |
| | | সমাপনী নগদ | ১,২১,৫০০ |
| | ৩,৩০,০০০ | | ৩,৩০,০০০ |

**উত্তর :** সমাপনী হাতে নগদ ১,২১,৫০০ টাকা।

**গ**

**জনাব হযরত আলী**
**আয়-ব্যয় বিবরণী**
৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **আয়সমূহ :** | | | |
| বেতন | | ২,১০,০০০ | |
| পার্টটাইম লেকচার হতে আয় | | ৯০,০০০ | |
| **মোট আয়** | | | ৩,০০,০০০ |
| **ব্যয়সমূহ :** | | | |
| খাদ্যসামগ্রী ক্রয় | | ৩০,০০০ | |
| দৈনন্দিন বাজার খরচ | | ৫৫,০০০ | |
| শিক্ষা ও চিকিৎসা খরচ | | ১৮,০০০ | |
| কাপড় ক্রয় | | ৩২,০০০ | |
| গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ২৬,০০০ | | |
| যোগ : বকেয়া | ২,৫০০ | ২৮,৫০০ | |
| খবরের কাগজ বিল | | ১,৫০০ | |
| ঋণের প্রদেয় সুদ | | ৪,৮০০ | |
| **মোট ব্যয়** | | | (১,৬৯,৮০০) |
| **আয়ের উদ্বৃত্ত** | | | ১,৩০,২০০ |

**উত্তর :** আয়ের উদ্বৃত্ত ১,৩০,২০০ টাকা।

## উত্তর সংকেতসহ সৃজনশীল প্রশ্ন

**প্রশ্ন ▶ ৫** জনাব মুহসিন ১ জানুয়ারি ২০১৯ তারিখে উত্তরাধিকার সূত্রে নিম্নলিখিত সম্পত্তি ও দায় দেনার অধিকারী হয়েছে। ফ্ল্যাটবাড়ি ৩০,০০,০০০ টাকা, আসবাবপত্র ৬০,০০০ টাকা, তৈজসপত্র ২০,০০০ টাকা এবং ঋণ ৫,০০,০০০ টাকা। উক্ত বছরে তার প্রাপ্তি প্রদানসমূহ নিম্নরূপ :

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন প্রাপ্তি | ১,৫০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ১৫,০০০ |
| রেডিও, টিভি থেকে আয় | ২০,০০০ | মুদির বিল প্রদান | ৪,৫০০ |
| পুরাতন খবরের | | ঋণ পরিশোধ | ১০,০০০ |
| কাগজ বিক্রয় | ৫০০ | ঋণের সুদ | ৫,০০০ |
| | | টেলিভিশন ক্রয় | ২০,০০০ |
| | | ফ্রিজ ক্রয় | ২৫,০০০ |
| | | গ্যাস, পানি ও বিদ্যুৎ | ৫,০০০ |
| | | আপ্যায়ন খরচ | ১,৫০০ |
| | | মনিহারি ও প্রসাধনী | ১,২০০ |
| | | কাগজের বিল | ২,৭৬০ |
| | | সঞ্চয় ব্যাংকে জমা | ৪,০০০ |
| | | হাতে নগদ | ৭৬,৫৪০ |
| | ১,৭০,৫০০ | | ১,৭০,৫০০ |

ক. জনাব মুহসিনের প্রারম্ভিক পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব মুহসিনের আয়ের উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে জনাব মুহসিনের পরিবারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

**উত্তর:** পারিবারিক তহবিল ২৫,৮০,০০০ টাকা। **খ.** আয়ের উদ্বৃত্ত ১,৩৫,৫৪০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩২,০৫,৫৪০ টাকা।

**প্রশ্ন ▶৬** জনাব ফরিদ আহমদ একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরি করেন। ১ জানুয়ারি ২০১৮ তারিখে তার পারিবারিক আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ :
বাড়িঘর ১,৫০,০০০ টাকা; আসবাবপত্র ৭০,০০০ টাকা; গহনাপত্র ৫০,০০০ টাকা; ইলেকট্রনিক্স সামগ্রী ৪৫,০০০ টাকা; বিনিয়োগ ২৫,০০০ টাকা; হাতে নগদ ৩,০০০ টাকা; ঋণ ১৬,০০০ টাকা। উক্ত বছর তার প্রাপ্তি ও প্রদানসমূহ ছিল নিম্নরূপ :

**জনাব ফরিদ আহমদ**
**প্রাপ্তি ও প্রদান হিসাব**
৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৩,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ১৮,৪০০ |
| বেতন | ৭০,০০০ | দৈনন্দিন বাজার | ১২,৪০০ |
| বিনিয়োগের সুদ | ৫০০ | দুইটি বৈদ্যুতিক পাখা ক্রয় | ৪,৫০০ |
| কৃষি জমি থেকে আয় | ১,২০০ | কাপড় চোপড় ক্রয় | ৪,৬০০ |
| | | মোবাইল বিল প্রদান | ২,০০০ |
| | | চিকিৎসা খরচ | ২,৫০০ |
| | | খবরের কাগজের বিল | ৪০০ |
| | | শিক্ষা ব্যয় | ৭,৩০০ |
| | | আপ্যায়ন খরচ | ৪,৯৫০ |
| | | বাড়ি মেরামত খরচ | ২,৩৫০ |
| | | জীবন বিমা প্রিমিয়াম প্রদান | ২,০০০ |
| | | ঋণের সুদ প্রদান | ৬০০ |
| | | গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ৪,৫০০ |
| | | ব্যাংক স্থায়ী আমানত | ৫,০০০ |
| | | বিবিধ খরচ | ১,২৫০ |
| | | উদ্বৃত্ত | ১,৯৫০ |
| | ৭৪,৭০০ | | ৭৪,৭০০ |

৩১-১২-২০১৮ তারিখে বিদ্যুৎ গ্যাস ও পানির বিল ১৫০ টাকা বকেয়া আছে এবং বিনিয়োগের সুদ ১০০ টাকা পাওনা হয়েছে কিন্তু পাওয়া যায়নি।

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে জনাব ফরিদ আহমদের পারিবারিক তহবিল নির্ণয় করো। ২
খ. জনাব ফরিদ আহমদের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. ৩১ ডিসেম্বর ২০১৮ সালে জনাব ফরিদ আহমদের পরিবারের আর্থিক অবস্থা নির্ণয় করো। ৪

**উত্তর: ক.** পারিবারিক তহবিল ৩,২৭,০০০ টাকা। **খ.** আয়ের উদ্বৃত্ত ১০,৪০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৫৩,৫৫০ টাকা।

**প্রশ্ন ▶৭** ১ জানুয়ারি ২০১৮ তারিখে মি. প্রতীকের পারিবারিক অবস্থা নিম্নরূপ : বাড়িঘর ৪,০০,০০০ টাকা; গহনা ১,০০,০০০ টাকা; আসবাবপত্র ৫০,০০০ টাকা; আত্মীয়স্বজনের নিকট পাওনা ৩০,০০০ টাকা; ব্যাংক জমা ২০,০০০ টাকা; সহকর্মীদের নিকট দেনা ২০,০০০ টাকা; হাতে নগদ ৫,০০০ টাকা।

**মি. প্রতীক**
**প্রাপ্তি ও প্রদান হিসাব**
২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্যে

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৫,০০০ | খাদ্যসামগ্রী বাবদ খরচ | ৬০,০০০ |
| ব্যাংক ব্যালেন্স | ২০,০০০ | কাপড় ক্রয় | ১৫,০০০ |
| আত্মীয়স্বজনদের | | মোবাইল ক্রয় | ৮,০০০ |
| নিকট থেকে আদায় | ২০,০০০ | লেখাপড়া খরচ | ১৫,০০০ |
| বেতন থেকে আয় | ২,৪০,০০০ | সহকর্মীদের দেনা পরিশোধ | ১৫,০০০ |
| অন্যান্য আয় | ৬৫,০০০ | যাতায়াত খরচ | ১৮,০০০ |
| | | বিদ্যুৎ ও পানির বিল | ৭,২০০ |
| | | জমি ক্রয় | ২,০০,০০০ |
| | | বিবিধ খরচ | ৫,০০০ |
| | | ব্যাংক জমা | ৬,৮০০ |
| | ৩,৫০,০০০ | | ৩,৫০,০০০ |

**সমন্বয় :** কাপড়ের দোকানে ৫,০০০ টাকা বাকি আছে।

ক. প্রাপ্তি ও প্রদান হিসাব হতে মি. প্রতীকের মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে তার পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. পারিবারিক তহবিল ৫,৮৫,০০০ টাকা ধরে মি. প্রতীকের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**উত্তর: ক.** মূলধন জাতীয় ব্যয় ২,০৮,০০০ টাকা। **খ.** ব্যয়াতিরিক্ত আয় ১,৭৯,৮০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৭,৭৪,৮০০ টাকা।

## নিজেকে যাচাই করি

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. পরিবারের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য কোনটি অপরিহার্য?**
ক অধিক আয়
খ সঠিক ব্যয়
গ আয় ও ব্যয়
ঘ সঠিক হিসাব নিকাশ

**২. সাধারণত পারিবারিক বাজেটের হিসাবকাল হয়—**
i. সাপ্তাহিক
ii. মাসিক
iii. বাৎসরিক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৩. পরিবার ব্যবসায় প্রতিষ্ঠান নয় বলে এখানে কোনটি অনুপস্থিত?**
ক দায় খ সম্পদ
গ ঋণ ঘ প্রারম্ভিক মূলধন

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. ইফতি ঈদ উপলক্ষে শাড়ি ২৫,০০০ টাকা, প্রসাধনী ২,০০০ টাকা স্যান্ডেল ২,৩০০ টাকা এবং থ্রি পিস ২,৫০০ টাকা দিয়ে কিনল।

**৪. মি. ইফতির পোশাক খাতে ব্যয় কত টাকা?**
ক ২৭,০০০ টাকা খ ২৭,৩০০ টাকা
গ ২৯,৮০০ টাকা ঘ ২৭,৫০০ টাকা

**৫. হাতে নগদ ৫০,০০০ টাকা হলে মি. ইফতির পারিবারিক তহবিল কত?**
ক ১৭,২০০ টাকা খ ১৮,২০০ টাকা
গ ২৩,০০০ টাকা ঘ ২৭,৩০০ টাকা

**৬. কোনটি পারিবারিক হিসাব ব্যবস্থার বৈশিষ্ট্য?**
ক পারিবারিক বাজেট
খ পারিবারিক শৃঙ্খলা
গ অমুনাফাভোগী সংগঠন
ঘ পারিবারিক সচ্ছলতা

**৭. পারিবারিক হিসাব ব্যবস্থায় কোনটি প্রস্তুত করা হয়?**
ক আয়-ব্যয় হিসাব ও আর্থিক অবস্থার বিবরণী
খ মোট লাভ ও নিট লাভ বিবরণী
গ মূলধন ও মুনাফা জাতীয় আয়-ব্যয় হিসাব
ঘ নগদ প্রবাহ বিবরণী ও কার্যপত্র

**৮. পারিবারিক ব্যয়ের অন্তর্ভুক্ত কোনটি?**
ক মজুরি খ বেতন
গ বাড়ি ভাড়া ঘ বিজ্ঞাপন ব্যয়

**৯. দান-দক্ষিণা কোন জাতীয় পারিবারিক আয়?**
ক নিয়মিত খ প্রাত্যহিক
গ অনিয়মিত ঘ অনিয়ন্ত্রিত

**১০. বাজেটের উদ্বৃত্ত দ্বারা গঠিত পারিবারিক তহবিল কোনটি বাস্তবায়নে সহায়তা করে?**
ক ভবিষ্যতের স্বল্পমেয়াদি পরিকল্পনা
খ অতীতের দীর্ঘমেয়াদি পরিকল্পনা
গ ভবিষ্যতের দীর্ঘমেয়াদি পরিকল্পনা
ঘ বর্তমানের দীর্ঘমেয়াদি পরিকল্পনা

**১১. পারিবারিক বাজেটের ফলে—**
i. আয় ও ব্যয়ের ভারসাম্য রক্ষা হয়
ii. ব্যয় নিয়ন্ত্রণ সহজ হয়
iii. মিতব্যয়ী হওয়া সহজ হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১২. পারিবারিক অনিয়মিত ব্যয় কোনটি?**
ক যাতায়াত খ বাড়ি ভাড়া
গ জমি ক্রয় ঘ ঋণের সুদ

**১৩. পারিবারিক আয়-ব্যয় হিসাবের ক্রেডিট উদ্বৃত্তকে কী বলা হয়?**
ক পারিবারিক বাজেট
খ পারিবারিক মোট আয়
গ ব্যয়াতিরিক্ত আয়
ঘ আয়াতিরিক্ত ব্যয়

**১৪. কোনটি পারিবারিক হিসাব-নিকাশের বৈশিষ্ট্য—**
ক সুষ্ঠু পরিকল্পনা খ পারিবারিক শৃঙ্খলা
গ অনগদ লেনদেন ঘ দায়বদ্ধতা

**১৫. পারিবারিক বাজেট প্রস্তুতির প্রথম ধাপ কোনটি?**
ক প্রয়োজনীয় দ্রব্যাদির তালিকাকরণ
খ সম্ভাব্য আয় নির্ধারণ
গ দ্রব্য বা সেবার মূল্য নির্ধারণ
ঘ দ্রব্যের চাহিদা ও যোগান নির্ধারণ

**১৬. পরিবারের সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য কী অপরিহার্য?**
ক আয় খ ব্যয়
গ আয় ও ব্যয় ঘ হিসাব নিকাশ

**১৭. টেলিভিশন ক্রয় পরিবারের কোন ধরনের ব্যয়?**
ক মূলধন জাতীয় ব্যয়
খ মুনাফা জাতীয় ব্যয়
গ চলতি ব্যয়
ঘ বাৎসরিক মোট ব্যয়

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব নাহিদ একজন গায়ক। তার বার্ষিক আয় ২,৪০,০০০ টাকা।

**১৮. পারিবারিক বাজেটের নমুনায় শিক্ষা খাতে জনাব নাহিদের আনুমানিক ন্যূনতম ব্যয় কত টাকা?**
ক ৪৮,০০০ টাকা খ ৬০,০০০ টাকা
গ ২৪,০০০ টাকা ঘ ৩৬,০০০ টাকা

**১৯. জনাব নাহিদের পারিবারিক ব্যয়ের খাতওয়ারী বণ্টন কিসের ওপর নির্ভর করা যুক্তিযুক্ত?**
ক পারিবারিক মুনাফা
খ পারিবারিক কাঠামো
গ পারিবারিক স্বচ্ছতা
ঘ পারিবারিক তহবিল

**২০. পারিবারিক আয়ের উৎস হলো—**
i. পেশা থেকে আয়
ii. বাড়িভাড়া
iii. সঞ্চয়ের প্রবণতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২১. পারিবারিক আর্থিক বিবরণী তৈরির ধাপ কয়টি?**
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি

**২২. পারিবারিক তহবিল কী হিসেবে প্রদর্শন করা হয়?**
ক সম্পদ হিসেবে
খ দায় হিসেবে
গ সম্পদ ও দায় হিসেবে
ঘ আয় হিসেবে

**২৩. পারিবারিক তহবিল সৃষ্টি হয় কোনটি দ্বারা?**
ক ঘাটতি দ্বারা খ উদ্বৃত্ত দ্বারা
গ বাজেট দ্বারা ঘ ঋণের দ্বারা

**২৪. পারিবারিক বাজেট কী?**
ক এক ধরনের পরিকল্পনা
খ আয়-ব্যয়ের ভবিষ্যৎ পরিকল্পনা
গ আয়-ব্যয় বিবরণী
ঘ নগদ বিবরণী

**২৫. প্রাপ্তি ও প্রদান হিসাব নিচের কোনটি দ্বারা প্রস্তুত করা হয়?**
ক মুনাফা জাতীয় প্রাপ্তি ও প্রদান
খ মূলধন জাতীয় নগদ প্রাপ্তি ও প্রদান
গ মূলধন জাতীয় ও মুনাফা জাতীয় প্রাপ্তি ও প্রদান
ঘ মূলধন জাতীয় ও মুনাফা জাতীয় হিসাবের বকেয়াসমূহ নগদ প্রাপ্তি ও প্রদান

**২৬. পারিবারিক বাজেট প্রস্তুতের দ্বিতীয় ধাপ কোনটি?**
ক প্রয়োজনীয় দ্রব্যাদির তালিকাকরণ
খ সম্ভাব্য আয় নির্ধারণ
গ দ্রব্য বা সেবার মূল্য নির্ধারণ
ঘ দ্রব্যের চাহিদা সম্পর্কিত তথ্য সংগ্রহকরণ

**২৭. নিচের কোনগুলো মুনাফা জাতীয় পারিবারিক ব্যয়?**
ক জমি ক্রয়, বাড়ি নির্মাণ ব্যয়
খ জমি ক্রয়, যাতায়াত খরচ
গ বাড়ি নির্মাণ ব্যয় আপ্যায়ন খরচ
ঘ যাতায়াত খরচ, আপ্যায়ন খরচ

**২৮. কোনটি পারিবারিক তহবিলকে হ্রাস করে?**
ক ব্যয়াতিরিক্ত আয় খ আয় বৃদ্ধি
গ আয়াতিরিক্ত ব্যয় ঘ দায় বৃদ্ধি

**২৯. পরিবারের আপ্যায়ন খরচ কোন জাতীয় ব্যয়?**
ক বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
খ মূলধন জাতীয় ব্যয়
গ মুনাফা জাতীয় ব্যয়
ঘ মূলধনায়িত ব্যয়

**৩০. প্রাপ্তি ও প্রদান হিসাবে লিপিবদ্ধ হয়—**
i. মুনাফা জাতীয় প্রদান ii. বকেয়া আয়
iii. মূলধন জাতীয় প্রাপ্তি
**নিচের কোনটি সঠিক ?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও ii

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.** ▶ জনাব সিকদারের পারিবারিক হিসাব সংক্রান্ত তথ্যাবলির নিম্নরূপ:

**প্রাপ্তি প্রদান হিসাব**

২০১৮ সালের ৩১ ডিসেম্বর

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১-১-২০১৮) | ৩০,০০০ | বাড়ি ভাড়া | ১,২৫,০০০ |
| পুরনো আসবাবপত্র বিক্রয় | ২৫,০০০ | মুদি | ৩৫,০০০ |
| ১০% ব্যাংক ঋণ (০১-০২-১৮) | ৫০,০০০ | মনিহারি | ৮,০০০ |
| সঞ্চয় পত্রের মুনাফা | ৫,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৮৮,০০০ |
| বেতন | ৩,৬০,০০০ | কম্পিউটার ক্রয় | ৩০,০০০ |
| | | শিক্ষা খরচ | ৩০,০০০ |
| | | চিকিৎসা খরচ | ১০,০০০ |
| | | যাতায়াত খরচ | ৭,৫০০ |
| | | ব্যাংক স্থায়ী জমা | ১,০০,০০০ |
| | | ১০% ঋণ পরিশোধ (৩১-১২-১৮) | ২০,০০০ |
| | | হাতে নগদ (৩১-১২-১৮) | ১৬,৫০০ |
| | ৪,৭০,০০০ | | ৪,৭০,০০০ |

উক্ত বছরের ১ জানুয়ারি তারিখে জনাব সিকদারের পারিবারিক আর্থিক অবস্থা নিম্নরূপ: আসবাবপত্র ৫০,০০০ টাকা; সরঞ্জাম ৪০,০০০ ও ১০% সঞ্চয়পত্র ৬০,০০০ টাকা।

ক. প্রারম্ভিক পারিবারিক তহবিল নির্ণয় করো। ২

খ. জনাব সিকদারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. বছর শেষে জনাব সিকদারের আর্থিক অবস্থা নির্ণয় করো। ৪

**২.** ▶ ১ জানুয়ারি ২০১৫ তারিখে তামিমের পারিবারিক অবস্থা নিম্নরূপ :

বাড়ি ঘর ৮,০০,০০০; আসবাবপত্র ৯০,০০০; বিনিয়োগ ৫%, ১০,০০০ টাকা; বকেয়া শিক্ষাখরচ ৪,০০০ টাকা; হাতে নগদ ৩,০০০ টাকা।

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৩,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ৬০,০০০ |
| বেতন | ২,৫০,০০০ | শিক্ষা খরচ | ৪০,০০০ |
| সেবা আয় | ১,২০,০০০ | ব্যাংকে স্থায়ী আমানত | ২,০০,০০০ |
| | | টেলিভিশন ক্রয় | ৩০,০০০ |
| | | উদ্বৃত্ত | ৪৩,০০০ |
| | ৩,৭৩,০০০ | | ৩,৭৩,০০০ |

ক. পারিবারিক তহবিল নির্ণয় করো। ২

খ. আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী দেখাও। ৪

**৩.** ▶জনাব রকিব পেশায় একজন চিকিৎসক। তিনি চাকরির পাশাপাশি প্রাইভেট প্র্যাকটিসের মাধ্যমে অর্থ উপার্জন করেন। ৩১ শে ডিসেম্বর ২০১৭ সালের সমাপ্ত বছরের তার প্রাপ্তি ও প্রদান হিসাব ছিল নিম্নরূপ :

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (০১.০১.১৭) | ২৫,০০০ | শেয়ারে বিনিয়োগ | ১,০০,০০০ |
| ব্যাংকে জমা (০১.০১.১৭) | ৩৫,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ৩০,০০০ |
| বেতন থেকে আয় | ১,৫০,০০০ | ড্রাইভারের বেতন | ৩৬,০০০ |
| প্রাইভেট প্র্যাকটিস থেকে প্রাপ্ত | ১,২০,০০০ | গাড়ি মেরামত | ২০,০০০ |
| বাড়ি ভাড়া থেকে প্রাপ্তি | ৩০,০০০ | পড়াশোনা খরচ | ২৫,০০০ |
| | | শিক্ষকের বেতন | ১৮,০০০ |
| | | কম্পিউটার ক্রয় | ৪০,০০০ |
| | | চিকিৎসা খরচ | ৭,০০০ |
| | | বিদ্যুৎ জ্বালানি খরচ | ১২,০০০ |
| | | মাছ মাংস ডিম | ১০,০০০ |
| | | আলমারি ক্রয় | ১৫,০০০ |
| | | উপহার ক্রয় | ৭,০০০ |
| | | হাতে নগদ (৩১.১২.১৭) | ৪০,০০০ |
| | ৩,৬০,০০০ | | ৩,৬০,০০০ |

জনাব রকিবের ০১.০১.২০১৭ তারিখে সম্পদ ও দায়ের উদ্বৃত্ত ছিল নিম্নরূপ : দালানকোঠা ২০,০০,০০০ টাকা; আসবাবপত্র ২৫,০০০ টাকা; যন্ত্রপাতি ১৫,০০০ টাকা; পাওনাদার হিসাব ১২,০০০ টাকা। ৩১.১২.২০১৭ তারিখে অন্যান্য তথ্যাবলি :

১. চলতি বছরের বেতন আয় বকেয়া ৭,০০০ টাকা।

২. প্রাপ্ত বাড়ি ভাড়ার ২,৫০০ টাকা পূর্ববর্তী বছরের এবং চলতি সালের বকেয়া ৩,২০০ টাকা।

৩. ড্রাইভারের বেতন বকেয়া ২,৪০০ টাকা।

ক. জনাব রকিব এর প্রারম্ভিক পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব রকিব-এর ৩১ শে ডিসেম্বর ২০১৭ তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

**৪.** ▶ মি. নাফী একটি ব্যাংকে ৪৫,০০০ টাকা মাসিক বেতনে চাকরি করেন। এ কাজের বাইরেও তিনি একটি প্রাইভেট প্রশিক্ষণ কেন্দ্রে অপারেটর হিসাবে মাসিক ১৫,০০০ টাকা সম্মানি পান। ২০১৬ সালের ১ জানুয়ারি তার পরিবারের আর্থিক অবস্থা নিম্নরূপ:

হাতে নগদ ৫০,০০০ টাকা; আসবাবপত্র ২,৫০,০০০ টাকা; ভূমি ও দালান ১৫,০০,০০০ টাকা; তৈজসপত্র ৫০,০০০ টাকা।

সারা বছর ব্যাপী তার পরিবারের লেদেনসমূহ নিম্নরূপ:

খাদ্যসামগ্রী ক্রয় ৮০,০০০ টাকা; ঘরভাড়া ১,০০,০০০ টাকা; দৈনন্দিন খরচ ৪০,০০০ টাকা; টিভি ক্রয় ২০,০০০ টাকা; মুদি ও মনিহারি ১০,০০০ টাকা, অলংকারাদি ক্রয় ১,০০,০০০ টাকা; যাতায়াত খরচ ২০,০০০ টাকা; ডিপিএস এ জমা ১,০০,০০০ টাকা; সন্তানের স্কুল টিউশন ফি ৩০,০০০ টাকা এবং সমাপনী হাতে নগদ ২,৭০,০০০ টাকা।

**সমন্বয়সমূহ :** বকেয়া টিউশন ফি ১০,০০০ টাকা।

ক. মি. নাফীর পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপরের তথ্যাদির ভিত্তিতে আয় উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করো। ৪

গ. মি. নাফীর পরিবারের আর্থিক অবস্থা নির্ণয় করো। ৪

**৫.** ▶জনাব কুদ্দুস একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। তিনি প্রতি মাসে ৩৫,০০০ টাকা বেতন পান এবং বছরে ২ বার ২০,০০০ টাকা করে বোনাস পান। ২০১৭ সালের ১ জানুয়ারি তার পরিবারের নগদ তহবিল ২৫,০০০ টাকা; ঘরবাড়ি ৭,০০,০০০ টাকা; আসবাবপত্র ৮০,০০০ টাকা; গহনাপত্র ১,২০,০০০ টাকা; ব্যাংক ঋণ ৫০,০০০ টাকা। সারা বছর তার পরিবারের অন্যান্য লেনদেন নিম্নরূপ :

খাদ্য সামগ্রী ক্রয় ৮০,০০০ টাকা; ঋণ পরিশোধ ২৮,০০০ টাকা; ঔষধ ও ডাক্তার খরচ ১৫,০০০ টাকা; বাড়ি মেরামত ৩২,০০০ টাকা; মোবাইল সেট ক্রয় ২০,০০০ টাকা; বিদ্যুৎ ও টেলিফোন বিল ৭,৫০০ টাকা; কাপড় ক্রয় ৯,৫০০ টাকা; কৃষি ফসল বিক্রয় ৭৫,০০০ টাকা; ফ্রিজ ক্রয় ৩৫,০০০ টাকা; লেখা পড়ার খরচ ৫০,০০০ টাকা; ডিপিএস-এ জমা ৪৫,০০০ টাকা; যাতায়াত খরচ ৪৫,০০০ টাকা।

ক. পারিবারিক তহবিলের পরিমাণ কত? ২

খ. সমাপনী নগদ তহবিলের পরিমাণ কত? ৪

গ. আয়-ব্যয় বিবরণী তৈরি করো। ৪

**৬.** ▶ জনাব জাবালেনূর একজন বেসরকারি চাকরিজীবী। ১ জানুয়ারি ২০১৮ তারিখে তার সম্পদ ও দায় দেনা ছিল: বাড়ি ২০,০০,০০০ টাকা, আসবাবপত্র ৫,০০,০০০ টাকা, মোটরগাড়ি ৮,০০,০০০ টাকা, হাতে নগদ ১,০০,০০০ টাকা, গৃহনির্মাণ ঋণ ১৫,০০,০০০ টাকা, পাওনাদার ৫০,০০০ টাকা। উক্ত তারিখে তার প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ:

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাত নগদ (১-১-১৮) | ১,০০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৮০,০০০ |
| বেতন প্রাপ্তি | ৯,৬০,০০০ | মুদির দোকান বিল | ১২,০০০ |
| কৃষিখাত থেকে আয় | ১,৫০,০০০ | কম্পিউটার ক্রয় | ৫০,০০০ |
| বিনিয়োগের সুদ | ৫,০০০ | গৃহনির্মাণ ঋণের সুদ | ২০,০০০ |
| খবরের কাগজ বিক্রয় | ৩,০০০ | টেলিভিশন ক্রয় | ৮০,০০০ |
| বাড়ি ভাড়া প্রাপ্তি | ২,০০,০০০ | ফ্রিজ ক্রয় | ৪০,০০০ |

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| | | গ্যাস, পানি, বিদ্যুৎ | ১৫,০০০ |
| | | আপ্যায়ন | ৫,০০০ |
| | | মনিহারি | ১০,০০০ |
| | | টিউশন খরচ | ১২,০০০ |
| | | শিক্ষা খরচ | ২০,০০০ |
| | | আলমরি ক্রয় | ৪০,০০০ |
| | | যাতায়াত খরচ | ৫,০০০ |
| | | খবরের কাগজ বিল | ৩,০০০ |
| | | ব্যাংকে জমা | ৫,৫০,০০০ |
| | | হাতে নগদ (৩১-১-১৮) | ৪,৭৬,০০০ |
| | ১৪,১৮,০০০ | | ১৪,১৮,০০০ |

**সমন্বয়:** ১. প্রাপ্ত বাড়িভাড়ার ১০,০০০ টাকা পূর্ববর্তী বছরের এবং চলতি বছরের বকেয়া ১৫,০০০ টাকা। ২. বিনিয়োগের সুদ ৫,০০০ টাকা ও ঋণের সুদ ১০,০০০ টাকা বকেয়া রয়েছে। ৩. মনিহারির ২,০০০ টাকা অব্যবহৃত রয়েছে।

ক. জনাব জাবালেনূরের ১ জানুয়ারি তারিখের পারিবারিক তহবিল নির্ণয় করো। ২

খ. আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করে আয়ের উদ্বৃত্ত বা ঘাটতি নিরূপণ করো। ৪

গ. উদ্দীপকে উল্লিখিত তথ্যের ভিত্তিতে ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৭. ▶জনাব আহসান হাবিব মাসে ২৪,০০০ টাকা বেতনে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরি করেন। এছাড়াও তিনি একটি কলেজে পার্টটাইম লেকচারার হিসেবে মাসে ১০,০০০ টাকা সম্মানি পান। ২০১৬ সালের ১ জানুয়ারি তার পরিবারের নগদ তহবিল ৪,০০,০০০ টাকা এবং ডিপিএস-এ জমা ২,০০,০০০ টাকা ছিল। উক্ত বছরে তার পরিবারের অন্যান্য লেনদেন নিম্নরূপ:

| | |
|---|---|
| খাদ্যসামগ্রী ক্রয় | ৬০,০০০ টাকা |
| বাড়ি ভাড়া প্রদান | ১,০০,৮০০ টাকা |
| দৈনন্দিন বাজার খরচ | ৪৮,০০০ টাকা |
| আসবাবপত্র ক্রয় | ৩০,০০০ টাকা |
| মুদি ও মনিহারি বিল | ৫,০০০ টাকা |
| গহনা ক্রয় | ১,২০,০০০ টাকা |
| ডিপোজিট পেনশন স্কিমে জমা | ৩০,৪০০ টাকা |

ক. উদ্দীপক থেকে জনাব আহসান হাবিব-এর পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব আহসান হাবিব-এর পরিবারের সমাপনী নগদ তহবিলের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে উক্ত পরিবারের আয় উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় করো। ৪

৮. ▶১ জানুয়ারি ২০১৭ তারিখে মি. রহমানের পারিবারিক অবস্থা নিম্নরূপ : বাড়িঘর ৮,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,০০,০০০ টাকা, বিনিয়োগ ৩০,০০০ টাকা, পাওনাদার ৫,০০০ টাকা, গহনাপত্র ২,০০,০০০ টাকা, নগদ ৩,০০০ টাকা, ব্যাংক ঋণ ২০,০০০ টাকা।

**প্রাপ্তি প্রদান হিসাব**

৩১-১২-২০১৭

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১.১.১৭) | ৩,০০০ | দৈনন্দিন বাজার | ৬০,০০০ |
| বেতন | ৩,৬৩,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ১,২০,০০০ |
| বিনিয়োগের সুদ | ৩,৫০০ | কম্পিউটার ক্রয় | ৩৩,০০০ |
| অন্যান্য আয় | ১,৩০,০০০ | খবরের কাগজ | ৩,৫০০ |
| | | শিক্ষা খরচ | ২৮,০০০ |
| | | গ্যাস ও বিদ্যুৎ খরচ | ২১,০০০ |
| | | ব্যাংকে স্থায়ী আমানত | ২,২৫,০০০ |
| | | ঋণ পরিশোধ | ২,০০০ |
| | | উদ্বৃত্ত | ৭,০০০ |
| | ৪,৯৯,৫০০ | | ৪,৯৯,৫০০ |

গ্যাস ও বিদ্যুৎ বকেয়া রয়েছে ২,০০০ টাকা এবং বিনিয়োগের সুদ পাওয়া যায়নি ৫০০ টাকা।

ক. পারিবারিক তহবিল নির্ণয় করো। ২

খ. উপরোক্ত তথ্য হতে আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. উপরোক্ত তথ্য হতে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৯. ▶জনাব ইরফান-এর ১ জানুয়ারি ২০১৭ তারিখে সম্পদ ও দায়-দেনার পরিমাণ ছিল: বাড়িঘর ৫,০০,০০০ টাকা; আসবাবপত্র ৪০,০০০ টাকা; বিনিয়োগ ২৩,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ১,০০,০০০ টাকা। উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ :

**প্রাপ্তি-প্রদান হিসাব**

৩১ ডিসেম্বর ২০১৭ সালের সমাপ্ত বছরের জন্য

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন প্রাপ্তি | ২,৮০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ৫০,০০০ |
| কৃষি খাত থেকে আয় | ২০,০০০ | মুদির দোকান বিল | ২২,০০০ |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ২,০০০ | পৌরকর | ১,০০০ |
| | | কম্পিউটার ক্রয় | ৫০,০০০ |
| | | ঋণের সুদ | ১০,০০০ |
| | | টেলিভিশন ক্রয় | ২৮,০০০ |
| | | গ্যাস, পানি ও বিদ্যুৎ | ১৬,৬০০ |
| | | আপ্যায়ন | ৮,০০০ |
| | | মনিহারি | ৩,০০০ |
| | | খবরের কাগজ বিল | ৪,০০০ |
| | | ব্যাংকে স্থায়ী আমানত | ১,০০,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১.১২.১৭) | ৯,৪০০ |
| | ৩,০২,০০০ | | ৩,০২,০০০ |

ক. জনাব ইরফান-এর পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে জনাব ইরফান-এর সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. ৩১ ডিসেম্বর, ২০১৭ তারিখে জনাব ইরফান-এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

১০. ▶ ১ জানুয়ারি ২০১৬ সালে হাসিবুর রহমানের পারিবারিক অবস্থা ছিলো নিম্নরূপ :

হাতে নগদ ৫০,০০০ টাকা; আসবাবপত্র ১,৫০,০০০ টাকা; গহনাপত্র ৫০,০০০ টাকা; ঘরবাড়ি ৫,০০,০০০ টাকা; ১২% প্রদত্ত ঋণ ৫০,০০০ টাকা; আত্মীয়স্বজনের নিকট দেনা ৭৫,০০০ টাকা।

**প্রাপ্তি ও প্রদান হিসাব**

৩১ ডিসেম্বর ২০১৬ সালের সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৫০,০০০ | খাদ্য সামগ্রী ক্রয় | ১,৩০,০০০ |
| বেতন | ২,৫০,০০০ | ইলেকট্রিক বিল পরিশোধ | ২৫,০০০ |
| কৃষিপণ্য বিক্রয় | ৮৫,০০০ | মটর সাইকেলের তেল ক্রয় | ১২,০০০ |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় | ২৫,০০০ | শিক্ষা ব্যয় | ৪৫,০০০ |
| প্রাইভেট প্র্যাকটিস থেকে প্রাপ্তি | ৭২,০০০ | টেলিভিশন ক্রয় | ৩৩,০০০ |
| | | বকেয়া ভাড়া | ৫,০০০ |
| | | পোশাক ক্রয় বাবদ ব্যয় | ১১,০০০ |
| | | মুদির দোকানের বিল | ১৬,০০০ |
| | | জীবন বিমা প্রিমিয়াম | ১৮,০০০ |
| | | বাড়ি ভাড়া | ৭২,০০০ |
| | | ডিপোজিট পেনশন স্কিমে জমা | ২৫,০০০ |
| | | উদ্বৃত্ত | ৯০,০০০ |
| | ৪,৮২,০০০ | | ৪,৮২,০০০ |

**অন্যান্য তথ্যাদি :** (১) ছেলের স্কুলের বেতন অগ্রিম পরিশোধ ৫,০০০ টাকা। (২) প্রদত্ত ঋণের পূর্ণ বছরের সুদ বকেয়া রয়েছে।

ক. হাসিবুর রহমান-এর পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে সমাপ্ত বছরের তার পরিবারের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. উক্ত তারিখে হাসিবুর রহমানের পরিবারের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

**১১.** ▶ জনাব আহসান কবির মাসিক ২৪,০০০ টাকা বেতনে একটি এনজিওতে চাকুরি করেন। এছাড়াও তিনি একটি বেসরকারি কলেজে পার্টটাইম শিক্ষকতা করে মাসিক ১০,০০০ টাকা সম্মানী পান। ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে তার নগদ ৪,০০,০০০ টাকা এবং ডি.পি.এস জমা ২,০০,০০০ টাকা ছিল। উক্ত বছরে তার পারিবারিক লেনদেনসমূহ ছিলো নিম্নরূপ **:**

খাদ্য সামগ্রী ক্রয় ৬০,০০০ টাকা; বাড়ি ভাড়া প্রদান ১,০০,৮০০ টাকা; দৈনন্দিন বাজার খরচ ৩৬,০০০ টাকা; শিক্ষা ব্যয় ১২,০০০ টাকা; টেলিভিশন ক্রয় ২০,০০০ টাকা; আসবাবপত্র ২০,০০০ টাকা; মুদি ও মনিহারি বিল ৪,০০০ টাকা; খবরের কাগজের বিল ১৮,০০০ টাকা; গহনা ক্রয় ৬০,০০০ টাকা; ডিপিএস জমা ৩০,৪০০ টাকা এবং ব্যাংকে স্থায়ী আমানত ৫০,০০০ টাকা।

ক. জনাব আহসান কবিরের পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব আহসান কবিরের পরিবারের সমাপনী নগদ তহবিলের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্য অবলম্বনে উক্ত পরিবারের আয় উদ্বৃত্ত/ব্যয় উদ্বৃত্ত নির্ণয় করো। ৪

## মডেল প্রশ্নপত্রের উত্তরমালা

### সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ |

### সৃজনশীল রচনামূলক প্রশ্ন

**১.** **ক.** প্রারম্ভিক পারিবারিক তহবিল ১,৮০,০০০ টাকা। **খ.** আয় উদ্বৃত্ত ৫৭,৯১৭ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৭২,৫০০ টাকা।

**২.** **ক.** পারিবারিক তহবিলের পরিমাণ ৮,৯৯,০০০ টাকা। **খ.** আয় উদ্বৃত্ত ২,৭০,৫০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১১,৭৩,৫০০ টাকা।

**৩.** **ক.** পারিবারিক তহবিল ২০,৯০,৫০০ টাকা। **খ.** আয় উদ্বৃত্ত ১,৪০,৩০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২২,৪৫,২০০ টাকা।

**৪.** **ক.** মি. নাফীর পারিবারিক তহবিলের পরিমাণ ১৮,৫০,০০০ টাকা। **খ.** আয় উদ্বৃত্ত ৪,৩০,০০০ টাকা। **গ.** মি. নাফীর আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২২,৯০,০০০ টাকা।

**৫.** **ক.** পারিবারিক তহবিল ৮,৭৫,০০০ টাকা। **খ.** সমাপনী নগদ তহবিল ১,৯৩,০০০ টাকা। **গ.** আয়ের উদ্বৃত্ত ২,৯৬,০০০ টাকা।

**৬.** **ক.** পারিবারিক তহবিলের পরিমাণ ১৮,৬০,০০০ টাকা। **খ.** আয় উদ্বৃত্ত ১১,৩৮,০০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪৫,৫৮,০০০ টাকা।

**৭.** **ক.** পারিবারিক তহবিল ৬,০০,০০০ টাকা। **খ.** সমাপনী নগদ তহবিলের পরিমাণ ৪,১৩,৮০০ টাকা। **গ.** আয়ের উদ্বৃত্ত ১,৯৪,২০০ টাকা।

**৮.** **ক.** পারিবারিক তহবিল ১১,০৮,০০০ টাকা। **খ.** আয় উদ্বৃত্ত ২,৬২,৫০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১৩,৯৫,৫০০ টাকা।

**৯.** **ক.** পারিবারিক তহবিলের পরিমাণ ৪,৬৩,০০০ টাকা। **খ.** আয় উদ্বৃত্ত ১,৮৭,৪০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৭,৫০,৪০০ টাকা।

**১০.** **ক.** পারিবারিক তহবিলের পরিমাণ ৭,২০,০০০ টাকা। **খ.** আয় উদ্বৃত্ত ১,০৭,০০০ টাকা। **গ.** আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৯,০২,০০০ টাকা।

**১১.** **ক.** পারিবারিক তহবিলের পরিমাণ ৬,০০,০০০ টাকা। **খ.** সমাপনী হাতে নগদ ৪,১৩,০০০ টাকা। **গ.** আয়ের উদ্বৃত্ত ১,৯৩,৪০০ টাকা।